

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সমবায় একাডেমি  
কোটবাড়ী, কুমিল্লা।

ই-মেইলঃ bcacomilla@gmail.com

আদেশ নং- ৪৭.৬১.০০০০.৩৪৪.২৫.০৩১.১২- ৬৪৪

তারিখ : ২২.০৮.২০২১ খ্রিঃ।

বিষয় : “আইজিএ (ব্লক বাটিক) প্রশিক্ষণ” কোর্সে মহিলা প্রশিক্ষার্থী মনোনয়ন সংক্রান্ত।

বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লায় সমবায় সমিতির মহিলা সদস্যদের অংশগ্রহণে আগামী ১২.০৯.২০২১ খ্রি. হতে ১৬.০৯.২০২১ খ্রি.তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) দিন ব্যাপী রাজস্ব বাজেটের অর্থায়নে “আইজিএ (ব্লক বাটিক) ” বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য জেলা ভিত্তিক প্রশিক্ষার্থীর কোটা নিম্নরূপ :

ক্র নং	জেলার নাম	অংশগ্রহণকারীর লক্ষ্যমাত্রা
০১	রাঙ্গামাটি	০৪
০২	চট্টগ্রাম	০৪
০৩	ঢাকা	০৪
০৪	জামালপুর	০৪
০৫	নড়াইল	০৩
০৬	রাজশাহী	০৩
০৭	ভোলা	০৩
	মোট	২৫ জন

উল্লেখ্য যে,

১. প্রশিক্ষার্থীগণকে আগামী ১১.০৯.২০২১ খ্রি. তারিখ সন্ধ্যা ৭.০০ টার মধ্যে বাংলাদেশ সমবায় একাডেমির অভ্যর্থনা কক্ষে রিপোর্ট করতে হবে।
২. প্রশিক্ষার্থীগণকে সমবায় অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ভাতায় থাকা ও খাওয়ার ব্যবস্থাসহ দুরত্ব অনুযায়ী যাতায়াত ভাতা প্রদান করা হবে। হোস্টেলে অবস্থানের জন্য প্রশিক্ষার্থীকে হোস্টেল সার্ভিস চার্জ ও ক্যান্টিন সার্ভিস চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করতে হবে।
৩. প্রশিক্ষার্থীগণ অবশ্যই ন্যূনতম এস.এস.সি/সমমান পাশ হতে হবে। এ বিষয়টি নিশ্চিত হয়ে প্রশিক্ষার্থী মনোনয়ন দিতে হবে।
৪. বিগত ০২(দুই) বছরের মধ্যে অনুরূপ প্রশিক্ষণ গ্রহণ করেছেন এমন কাউকে এবং অসুস্থ কোন ব্যক্তিকে মনোনয়ন না দেওয়ার জন্য অনুরোধ করা হলো।
৫. প্রশিক্ষণে আসার সময় সমিতির সামগ্রিক তথ্য, সদস্য বহির সংশ্লিষ্ট পাতা ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপিসহ সংশ্লিষ্ট বিবরণ সংগে আনতে হবে।
৬. চলমান করোনা কালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণে অংশগ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে আসতে হবে।
৭. উল্লিখিত শর্তসমূহ প্রতিপালন না করে কোন প্রশিক্ষার্থী মনোনয়ন দিলে সংশ্লিষ্ট মনোনয়ন প্রদানকারী কর্তৃপক্ষের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য লিখিতভাবে নিবন্ধক মহোদয়কে জানানো হবে।
৮. প্রশিক্ষার্থী মনোনয়ন প্রদান করে মনোনয়নের কপি বাংলাদেশ সমবায় একাডেমির ই-মেইলে আগামী ০৭/০৯/২০২১খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/(অঞ্জন কুমার সরকার)

অধ্যক্ষ

বাংলাদেশ সমবায় একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা।

ফোন : ০৮১-৭৬০১৭

তারিখঃ- ২২.০৮.২০২১ খ্রিঃ।

স্মারক নং- ৪৭.৬১.০০০০.৩৪৪.২৫.০৩১.১২- ৬৪৪/২(২০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল

- ০১। জেলা সমবায় অফিসার, ----- তাঁকে উল্লিখিত তালিকা অনুযায়ী প্রশিক্ষার্থী প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাসহ মনোনয়ন প্রদানকৃত সমবায়ীর মনোনয়নপত্র অত্র একাডেমির ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ০২। জনাব -----, বাংলাদেশ সমবায় একাডেমি ও কোর্স পরিচালক। তাঁকে প্রশিক্ষার্থী উপস্থিতির বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৩। জনাব -----প্রভাষক/হোস্টেল সুপার/গবেষণা সহকারী/সহকারী অধ্যাপক/অধ্যাপক, বাংলাদেশ সমবায় একাডেমি,কোটবাড়ী,কুমিল্লা।
- ০৪। উপাধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
- ০৫। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা। (বিষয়টি বার্ডের প্রধান ফটকে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল)।
- ০৬। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা। মহোদয়ের সদয় অবগতির জন্য। দৃষ্টি আকর্ষণ : পি,এ টু অধ্যক্ষ।
- ০৭। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য। দৃষ্টি আকর্ষণ : যুগ্ম নিবন্ধক, (প্রশাসন/ ইপিপি)।

(জ্ঞানেন্দু বিকাশ চাকমা)

অধ্যাপক (প্রশিক্ষণ)

বাংলাদেশ সমবায় একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা